রসুলপুরের কুণ্ডুবাড়ির দুর্গা দ্বিভূজা

নিজস্ব সংবাদদাতা, পুরশুড়া ঃ হুগলির আরামবাগ মহকুমা জুড়ে ছড়িয়ে রয়েছে বহু বনেদি বাড়ির পুজো। এর মধ্যে বেশ কিছু পুজো বহুপ্রাচীন। এমনই একটি পুজো হল এই মহকুমার পুরশুড়ার রসুলপুরের কুণ্ডুবাড়ির পুজো। এই পুজোর বৈশিষ্ট্য হল এখানে দেবী দুর্গা হলেন দ্বিভূজা। সারা রাজ্য জুড়ে যেখানে দশভূজা হিসাবে দেবী পূজিতা হন সেখানে এখানকার দুর্গার দুটি মাত্র হাতই এই পুজোকে অন্যান্য পুজোর থেকে আলাদা মাত্রা এনে দিয়েছে। তাই দীর্ঘদিন ধরেই এই পুজো মহকুমা মানুষের কাছে একটা আলাদা আবেদন নিয়ে আসে। এই পরিবারের প্রবীন সদস্য নিমাই কুণ্ডু জানালেন, ছেলেবেলা থেকেই দেখে আসছি দেবী দুর্গার দুটি হাত। তবে কেন দুটি হাত তা কেউ বলতে পারেননি। এখানে দেবী সপরিবারে আগমন করেন। চার সন্তানের সঙ্গে স্বামী শিব ছাড়াও থাকে দুই দাসী জয়া ও বিজয়া। এখানকার প্রতিমার বৈশিষ্ট্য হল প্রত্যেকেরই দুটি করে হাত। কিন্তু ব্যতিক্রম কেবল গণেশ। গণেশের চারটি হাত। কেন এই হাতের সংখ্যার তারতম্য তারও কোনও

নির্দিষ্ট কারণ নেই। রীতি অনুসারে বংশপরম্পরায় পরিবারের সদস্যরা এভাবেই দেবীর আরাধনা করে আসছেন। নিমাইবাবু আরও জানান, এই পুজোর আর এক বৈশিষ্ট্য হল, এখানে আকাশে চিলের অবস্থা দেখে নবমীর দিন বলি শুরু হয়। পূর্বপুরুষদের সময় থেকেই উড়ন্ত চিল দর্শনের পর ছাগ বলি দেওয়ার রীতি চলে আসছে। ওইদিন সকালে বাড়ির সমস্ত সদস্য দুর্গাদালানের সোজাসুজি আকাশের দিকে তাকিয়ে থাকেন। কখন শরৎ-এর সাদা পেঁজা তুলোর বুক চিরে চিল ভেসে যাবে তার জন্য হাত জোড় করে চলে মা দুর্গার কাছে প্রার্থনা। কখনও খুব তাড়াতাড়ি চিলের দেখা মেলে আবার কখনওবা ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করতে হয়। রীতি অনুযায়ী এদিন দুটি ছাগ বলি হয়। এছাড়াও আত্মীয় স্বজন বা পাড়ার লোকের মানত থাকলে আরও কয়েকটি বলি হয়। বাড়ির দালানে একচালা কাঠামোয় পুজো হয়। প্রতিপদের দিন ঘট তোলা হয়। তার পর থেকেই দুবেলা পুজো শুরু হয়ে যায়। দেবীর চক্ষুদান হয় সপ্তমীতে। আর কুমারী পুজো দশমীতে। অন্যদিকে এই পরিবারের আর এক সদস্য কাশীনাথ কুণ্ডু জানালেন, এবার এই পুজো ২২৫ বছরে পা রেখেছে। এই উপলক্ষ্যে এবছর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। পুজোর দিনগুলিতে প্রতিদিন সন্ধ্যায় থাকছে বিশেষ অনুষ্ঠান। সপ্তমীর দিন ব্রতচারী, অষ্টমীর দিন সাংস্কৃতিক অনুষ্ঠান ও ড্রাঙ্গগ্রুপের নৃত্যানুষ্ঠান, নবমীর দিন নাটক, দশমীর দিন বাউল গান, একাদশীর দিন রামকৃষ্ণ সারদার জীবনী ও বাণী নিয়ে বিশেষ অনুষ্ঠান। দ্বাদশীর দিন অর্কেস্ট্রা।

এছাড়া রসুলপুর সার্বজনীন দুর্গোৎসব কমিটির উদ্যোগে রবিবার থেকে রসুলপুর বালিমাঠে শুরু হয়েছে সার্কাস। চলবে ১৫দিন।

বিষ খেয়ে আত্মহত্যা ছাত্রীর

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ অস্বাভাবিক মৃত্যু হল এক স্কুল ছাত্রীর। মৃতার নাম রাবেয়া সরকার (১৬)। বাড়ি হুগলির গোঘাট থানার বদনগঞ্জ-ফুলুই ২নং গ্রাম পঞ্চায়েতের সেলামপুর গ্রামে। রাবেয়া স্থানীয় বদনগঞ্জের শ্রীশ্রীসারদামণি বালিকা বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির ছাত্রী। তার বাবা রমজান সরকার পেশায় দিনমজুরের কাজ করেন। রমজানবাবুর চার মেয়ে ও এক ছেলে। রাবেয়া ছিল ছোট মেয়ে। বর্তমানে তার দুই মেয়ের বিয়ে হয়ে গেছে। ছেলে স্থানীয় একটি বিদ্যালয়ে পড়াশোনা করে। জানা গেছে, শুক্রবার সকালে রমজানবাবু ও তাঁর স্ত্রী মাঠে কাজ করতে গিয়েছিলেন। সেই সময়ে রাবেয়ার দিদি বিশেষ কাজে বদনগঞ্জ ব্যাঙ্কে গিয়েছিলেন। স্থানীয় সূত্রে জানা গেছে, রাবেয়া এদিন টিউশনে পড়ে বাড়ি ফেরে। সেই সময় বাড়িতে কেউ ছিল না। সেই সুযোগে সে কীটনাশক খেয়ে নেয়। তার বাবা ও মা বাড়ি ফিরে বেলা সাড়ে ১১টায়। বাবা মোবাইল আনতে রাবেয়ার ঘরে যান। সেই সময় তাকে অচৈতন্য অবস্থায় দেখতে পান। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে কামারপুকুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যান। অবস্থার অবনতি হলে তাকে আরামবাগ মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়। চিকিৎসা চলাকালীন শুক্রবার বিকালে তার মৃত্যু হয়। পরিবারের লোকের দাবি, কি কারণে রাবেয়া আত্মহত্যার পথ বেছে নিল তা তাঁদের অজানা।

কামারপুকুর কলেজে নবীনবরণ

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ হুগলির কামারপুকুর শ্রীরামকৃষ্ণ সারদা বিদ্যামহাপীঠে পালিত হল নবীনবরণ অনুষ্ঠান। এর পাশাপাশি নানান সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। নতুন ছাত্রছাত্রীদের গোলাপ ফুলের তোড়া ও চন্দনের ফোঁটা দিয়ে বরণ করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ চিত্ত ঘোষ, গোঘাট বিধায়ক মানস মজুমদার, কামার পুকুর গ্রাম পঞ্চায়েত প্রধান তপন মণ্ডল, গোঘাট ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি অনিমা কাটারি, সহসভাপতি প্রভাত ব্যানার্জী, বিদায়ী কৃষি কর্মাধ্যক্ষ আতাউল হক প্রমুখ। মঙ্গলদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক মানস মজুমদার। তিনি বলেন, ছাত্রছাত্রীরা সমাজের মেরুদণ্ড। তোমরা ভালো পড়াশোনা করে আগামী দিনে আরও বড় হও এবং কলেজের সম্মানকে বজায় রাখ। কলেজের সাধারণ সম্পাদক সমর ঘোষ বলেন, ছাত্রছাত্রীদের বরণ করে নেওয়া হয়েছে। নতুন ছাত্রছাত্রীদের যাতে কোনওরকম অসুবিধা না হয় তার জন্য আমরা সবসময় তাদের পাশে থাকব।

গৃহবধূকে খুনের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা, পাণ্ডুয়া ঃ শনিবার প্রকাশ্য দিবালোকে পাণ্ডুয়ায় ঘরের ভিতর ঢুকে গৃহবধূকে খুন করে পালাল খুনি। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে পাণ্ডুয়া থানার খন্যানের তারাতে। মৃতার নাম সুপর্ণা বণিক (২৩)। দুপুরে দোকান থেকে বাড়িতে ফিরে গৃহবধূর শাশুড়ি দেখেন, গলায় ওড়নার ফাঁস লাগানো অবস্থায় সুপর্ণা বিছানার উপর পড়ে আছে। বিছানায় শরীরের উপরের অংশ শোয়ানো অবস্থায় থাকলে শরীরের নীচের অংশ মেঝেতে ছিল। সুপর্ণার স্বামী সুকান্ত পেশায় গাড়ির চালক। প্রতিদিনের মতো শনিবার সকালে সুকান্ত কাজে বেরিয়ে যায়। সকাল সাড়ে ১১টায় সুপর্ণার শাশুড়ি পাড়ারই দোকান থেকে কিছু জিনিস কিনতে বের হন। সাড়ে ১২টা নাগাদ তিনি বাড়ি ফিরে দেখেন, বৌমা গলায় ফাঁস লাগানো অবস্থায় বিছানায় পড়ে আছে। আলমারি খোলা। আলমারি থেকে উধাও নগদ কয়েক হাজার টাকা ও সোনার গহনা। এই ঘটনায় মৃতার পরিবার পাণ্ডুয়া থানায় একটি খুনের অভিযোগ দায়ের করেছে। পুলিশের প্রাথমিক তদন্তে অনুমান নগদ টাকা ও সোনাদানা লুঠ করতে এসে বাধা পেয়ে খুনি গৃহবধূকে গলায় ফাঁস লাগিয়ে শ্বাসরোধ করে খুন করেছে।

জিআরপি হেফাজতে ধৃতের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, শেওড়াফুলি ঃ হুগলির শেওড়াফুলি জি আর পি হেফাজতে ধৃতের মৃত্যুর ঘটনা ঘটল। মৃতের নাম অমর মাহাতো। জিআরপি হেফাজতে ব্যাপক মারধরের জেরে প্রাণ হারিয়েছে অমর মাহাতো বলে দাবি করা হয়েছে পরিবারের তরফ থেকে। পুলিশ সূত্রে জানা গেছে, শেওড়াফুলি স্টেশন চত্বরে একটি ছোট্ট দোকান ছিল অমর মাহাতোর। ওই দোকানের আড়ালেই চোলাই মদ বিক্রি করত সে। সেই অভিযোগে শুক্রবার রাতে অমরকে গ্রেফতার করে শেওড়াফুলি জিআরপি। রাতভর জিআরপি হেফাজতেই ছিল অমর। পরিবারের অভিযোগ, স্টেশন লাগায়ো এলাকায় দোকান হওয়ায় প্রায়শই টাকা চাইত রেল পুলিশ। কিন্তু সেই টাকা দিতে না চাওয়ায় অমরকে রেল পুলিশ এদিন রাতে তুলে নিয়ে যায়। শনিবার ভোররাতে অমরের বাড়িতে খবর দেওয়া হয় যে, জি আর পি লকআপেই সে অসুস্থ হয়ে পড়েছে। রেল হাসপাতালে পৌঁছান পরিবারের লোকেরা। চিকিৎসকরা তখন জানান, অমর মারা গিয়েছে। মৃতের পরিবারের দাবি, চোলাই মদের ব্যবসা অমর করত না। তোলা দিতে না চাওয়ায় রেলপুলিশ তাকে তুলে নিয়ে যায়। শুক্রবার রাতে জিআরপি হেফাজতে থাকাকালীন অমরকে বেধড়ক মারধর করা হয় বলেও অভিযোগ। তার জেরেই সে মারা গিয়েছে বলে দাবি আত্মীয়দের। হাওড়া জিআরপির নির্দেশে গোটা ঘটনার বিচারবিভাগীয় তদন্ত শুরু হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট হাতে পাওয়ার পরই অমরের মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

ওভারহেডের তার ছিঁড়ে লোকাল ট্রেন বিভ্রাট

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ ওভারহেডের তার ছিঁড়ে ট্রেন চলাচলে বিপত্তি ঘটল শনিবার। ঘটনাটি ঘটেছে হাওড়া-তারকেশ্বর শাখার দিয়াড়া ও নসিবপুর স্টেশনের মধ্যবর্তী এলাকায়। শনিবার ভোর তিনটে পঞ্চাশের তারকেশ্বর-হাওড়া লোকাল হাওড়ার দিকে যাওয়ার সময় ওই এলাকায় ওভার হেডের তার ছিঁড়ে যায়। যাত্রীসহ ওই জায়গাতেই দাঁড়িয়ে পড়ে ট্রেন। এই ঘটনায় বেশ কয়েক ঘন্টা বন্ধ হয়ে পড়ে ট্রেন চলাচল। নসিবপুর, সিঙ্গুর, হরিপালসহ পরপর স্টেশনগুলিতে ট্রেন আটকে পড়ে। সপ্তাহের শেষ দিন অফিস যাওয়ার পথে সমস্যায় পড়েন নিত্যযাত্রীরা। রেল সূত্রে জানা যায়, মেরামতির জন্য রেলদপ্তরের তিনটি দল ঘটনাস্থলে উপস্থিত হয়। আটকে পড়া ট্রেনটিকে ডিজেল ইঞ্জিন লাগিয়ে শেওড়াফুলি টেনে নিয়ে যাওয়া হয়। আটকে পড়া কিছু রেলের যাত্রী বাসে চেপে গন্তব্যে পৌঁছানোর চেষ্টা করেন।

প্রায় দু-ঘন্টা পরে শেওড়াফুলি থেকে সিঙ্গুর পর্যন্ত আপ লাইন দিয়ে ডাউন ট্রেনগুলি চালিয়ে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করা হয়। এই ঘটনার জেরে ট্রেন বাতিলের কোনও খবর পাওয়া না গেলেও প্রায় দু'ঘন্টা দেরিতে চলে ট্রেনগুলি। অনেক রেলযাত্রী নির্দিষ্ট সময়ে গন্তব্যে পৌঁছতে না পারার আশঙ্কায় ফিরে যান বাড়িতে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে হাওড়া- তারকেশ্বর শাখায় ট্রেন চলাচল ধীরে ধীরে স্বাভাবিক হয়।

ভোটার তালিকায় নাম তুলতে প্রশাসনের উদ্যোগে ফুটবল প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ নির্বাচন কমিশনের উদ্যোগে আরামবাগ মহকুমাশাসকের ব্যবস্থাপনায় নতুন ভোটারদের ভোটের তালিকায় নাম তোলার জন্য ফুটবল প্রতিযোগিতার আয়োজন করা হয়। শনিবার এই ফুটবল প্রতিযোগিতাটি কালীপুর নেতাজী মহাবিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হয়। এই মাঠ থেকে ২৬জন ছাত্রছাত্রীকে ভোটার তালিকায় নাম তোলার জন্য ফরম দেওয়া হয়। এই খেলায় তিনটি স্কুল বড়াডোঙ্গল রামানাথ ইন্সটিটিউশন, আরামবাগ হাইস্কুল, দক্ষিণ রসুলপুর হাইস্কুল ও কালীপুর নেতাজী কলেজের ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করে। চূড়ান্ত পর্যায়ের খেলায় আরামবাগ হাইস্কুল এবং নেতাজী মহাবিদ্যালয় মুখোমুখি হয়। এই খেলায় ১-০ গোলে নেতাজী মহাবিদ্যালয় জয়ী হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরামবাগ বিডিও বিশাখ ভট্টাচার্য, আরামবাগ পৌরপ্রধান স্বপন নন্দী, নেতাজী মহাবিদ্যালয়ের অধ্যক্ষ অসীমকুমার দে, আরামবাগ পঞ্চায়েত সমিতির সদস্য দীপক মাজি, ডেপুটি ম্যাজিস্ট্রেট অনন্য জানা ও সঞ্জু গুহ মজুমদার প্রমুখ।

প্লাস্টিক বর্জনে ডানকুনি পুরসভার পদযাত্রা

নিজস্ব সংবাদদাতা, ডানকুনি ঃ শনিবার সকালে হুগলির ডানকুনি পৌরসভার উদ্যোগে এলাকার বাসিন্দা থেকে ক্লাবের সদস্যদের ও দোকানদারদের নিয়ে প্লাস্টিক বর্জন অভিযান উপর একপদযাত্রার আয়োজন করা হয়। এই পদযাত্রায় উপস্থিত ছিলেন ডানকুনি পুরসভার প্রধান হাসিনা শবনম, উপ পৌরপ্রধান দেবাশিস মুখোপাধ্যায়। কাউন্সিলর শম্ভু সাউ জানান, এদিন সকালে আমাদের পৌরসভা থেকে এক প্লাস্টিক ক্যারিব্যাগ বর্জনের জন্য পদযাত্রা করা হয়েছে ডানকুনি পৌরসভা থেকে ডানকুনির ফুটবল খেলার মাঠ পর্যন্ত। এর পাশাপাশি এই পদযাত্রা থেকে ক্রেতা ও বিক্রেতাদের হাতে দুই ধরনের ব্যাগ তুলে দেওয়া হয়। যাতে তাঁরা বাজার করতে এলে এই ব্যাগ ব্যবহার করেন।

মূলত এই সচেতনতা শিবির বা পদযাত্রার মধ্য দিয়ে ডানকুনি পৌরসভা এলাকাকে প্লাস্টিক ব্যাগ মুক্ত করতে ও নিকাশি সচল রাখতে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়।

সাপের কামড়ে মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ ঘুমন্ত অবস্থায় সাপের কামড়ে মৃত্যু হল এক ছাত্রীর। ঘটনাটি ঘটেছে হুগলির পুরশুড়া থানার অন্তর্গত আলাটি গ্রামে। মৃত কিশোরীর নাম অপর্ণা বাগ (১৩)। মৃত কিশোরী দেউলপাড়া হাইস্কুলের সপ্তম শ্রেণির ছাত্রী ছিল। শুক্রবার রাত দুটো নাগাদ ঘুমের মধ্যে কিশোরীকে সাপে কামড়ায়। মাতৃহারা ওই ছাত্রীকে পরিবারের সদস্যরা সঙ্গে সঙ্গে তারকেশ্বর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। পরিবার সূত্রে জানা গেছে, তাদের মাটির বাড়ি ছিল। মৃতদেহ ময়নাতদন্তের জন্য শ্রীরামপুর ওয়াল্স হাসপাতালে পাঠিয়েছে তারকেশ্বর থানার পুলিশ।

মানসিক অবসাদে আত্মঘাতী

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ মানসিক অবসাদে গলায় দড়ির ফাঁস লাগিয়ে আত্মঘাতী হলেন এক ব্যক্তি। মৃতের নাম সেখ মহম্মদ জাহাঙ্গির(৩৭)। তিনি দিনমজুরের কাজ করতেন। বাড়ি হুগলির আরামবাগ থানার সালেপুর গ্রামে। জানা গেছে, প্রতিদিনের মতো শুক্রবার দুপুরে খাওয়ার পর নিজের ঘরে ঘুমতে যান। তারপর বিকালে তাঁর মেয়ে জানালা দিয়ে দেখেন বাবা ঘরের কড়িকাঠে গলায় ফাঁস লাগিয়ে ঝুলছে। সঙ্গে সঙ্গে প্রতিবেশিদেরকে ডেকে তাঁকে উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। স্ত্রী ছাড়াও তাঁর এক মেয়ে ও এক ছেলে বর্তমান।

মায়ের সাজে খাদ্যশস্য, মণ্ডপ গান্ধীগ্রামের রাজবাড়িতে

নিজস্ব সংবাদদাতা, শ্রীরামপুর ঃ হুগলির শ্রীরামপুর চাতরা শিবতলা গাবতলার পুজো এবার ৮০ বছরে পদার্পণ করতে চলেছে। এবারে এখানকার থিম মুর্শিদাবাদ জেলার গান্ধীগ্রামের ১৭০বছরের পুরানো সংরক্ষিত রাজবাড়ি। মণ্ডপের পাশাপাশি এখানকার প্রতিমায় থাকছে বিশেষ চমক। মায়ের সাজে থাকছে শস্যদানার ছোঁয়া। আর গোটা প্রতিমায় শস্যদানার সাথে কাজু, কিসমিস প্রভৃতি থাকছে। মণ্ডপ থেকে প্রতিমা তৈরির কাজ চলছে জোরকদমে। পুজো কমিটির সম্পাদক বলেন, শ্রীরামপুর শহরে আমাদের পুজো এবারে বিশেষ ছাপ ফেলবে। মুর্শিদাবাদের সংরক্ষিত সেই রাজবাড়ি সম্ভবত আমরাই প্রথম পুজো মণ্ডপের থিম হিসেবে তুলে ধরছি। পাশাপাশি সামাজিক দায়বদ্ধতার কথা মাথায় রেখে আমরা মহাষষ্ঠীর দিন অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষদের জন্য বস্ত্র বিতরণের আয়োজনসহ বেশকিছু সামাজিক কর্মসূচির আয়োজন করে থাকি। আমরা আশাবাদী, আমাদের পুজো মণ্ডপে আট থেকে আশি সকলেই ভিড় জমাবেন।

শনিবার চন্দননগর রবীন্দ্রভবনে চন্দননগর বিধায়ক তথা মন্ত্রী ইন্দ্রনীল সেন হাউসিং ফর অল প্রকল্পের বাড়ি তৈরির জন্য ৯০০ জনকে অনুমোদন পত্র প্রদান করেন।

বেড়াতে আসুন কামারপুকুরে

কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব নন্দ্য, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

ফোন- ০৩২১১-২৫৬৯৫০/মো: ৯৭০২৮৪৩৬৭৭
নিরোগ ডায়াগনস্টিক
আরামবাগ (কোর্ট রোড), হুগলী
●সিটি স্ক্যান ●ডিজিটাল এক্সরে ●আল্ট্রাসোনোগ্রাফি ●কালার ডপলার ●ইকোকার্ডিগ্রাফী ●প্যাথলজি ●এফ.এন.এ.সি. ●ই এম জি এন সি ভি ●বায়োপ্সি ●ই.ই.জি. ●ই.সি.জি
Dr. Nischay R, M.D. D.M.
প্রতি ইং মাসের প্রথম ও তৃতীয় রবিবার এন্ডোসকপি ও কোলোনসকপি করা হবে।

মহালয়া মানেই রেডিওতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের চণ্ডীপাঠ

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ তেত্রিশ কোটি দেবদেবীকে পৃথিবীর মানুষ বিভিন্ন সময়ে বিভিন্নভাবে আরাধনা করে থাকেন। এক একটি দেবতার আরাধনাকালকে বিভিন্নভাবে নামকরণ করে আসছেন যুগ যুগ ধরে। ঋতু বৈচিত্র্য ভরা বঙ্গভূমিতে শরৎ ঋতু মানেই দেবীপক্ষের সূচনা। দশভুজা দেবীর আরাধনায় সমস্ত মানুষ মেতে ওঠেন। প্রত্যেক মানুষ নিজ সামর্থ্য অনুযায়ী পরিবারের সদস্যদের হাতে নতুন বস্ত্র তুলে দেন দেবী দর্শনের জন্য। দেবীপক্ষের সূচনার ফলে আকাশ, বাতাস, শিউলি ফুলের গন্ধে মাতোয়ারা হয়ে ওঠে এবং নীল আকাশে পেঁজা তুলোর মতো মেঘ জমে থাকে। নদীর তীরে কাশফুল মাথা দোলাতে থাকে। আকাশে বাতাসে যেন বিচিত্র শোভা লক্ষ্য করা যায়। এই সময় দুর্গাপুজোর সূচনা হয় মহালয়ের মধ্য দিয়ে। বাঙালির বারো মাসে তেরো পার্বন। তাদের মধ্যে শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো। মহালয়া মানে বাঙালির মনে

দুর্গাপুজোর সূচনা। মহালয়া মানে মানুষের মনে আলাদা একটা অনুভূতি সৃষ্টি করে, যার জন্য মানুষ দীর্ঘ একবছর অপেক্ষা করে থাকে। মহালয়ার ভোরে প্রত্যেকের বাড়িতে বেতার তরঙ্গের মাধ্যমে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠে চণ্ডীপাঠ বাঙালিদের মন আনন্দমুখর হয়ে ওঠে। আজও সেই কণ্ঠ আকাশ বাতাসকে মুখরিত করে তোলে। সুপ্রীতি ঘোষ, মানবেন্দ্র মুখোপাধ্যায়ের কণ্ঠস্বর মহালয়ার ভোরে মানুষের মনকে জয় করে। দেবীদুর্গার বোধনের সূচনা দেখার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করতে থাকেন। দূরদর্শনের বিচিত্র কলাকৌশলী অভিনয়ের চাক্ষুষ হলেও রেডিওতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের চণ্ডীপাঠ একটা আলাদা মাত্রা আনে আটি থেকে আশি সকলের মনে। ডিজিটাল যুগেও এই দিনটিতে বেতার তরঙ্গের মাধ্যমে মহালয়া শুনার জন্য উৎসুক হয়ে পড়েন বাঙালিরা। বাড়িতে রেডিও থাকলে তাকে সচল করার জন্য রেডিওর দোকানে দেয়া হয়। নতুন ব্যাটারি লাগানোর পাশাপাশি নতুন রেডিওর খোঁজও চলে। ৭৫ বছর বয়সী গোঘাটের আদি বাসিন্দা মদনমোহন ঘোষ প্রতিদিন খবর শোনার জন্য রেডিও ব্যবহার করে থাকেন। তিনি বলেন, যতই টিভি, ইন্টারনেট, মোবাইল আসুক না রেডিওর মহালয়ার থেকে কোন অংশে বেশি নয়। তাই আমি দীর্ঘদিন ধরে রেডিওটিকে যত্নসহকারে ব্যবহার করে থাকি।